রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৩, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ৯ অগ্রহায়ণ ১৪১১/২৩ নভেম্বর ২০০৪

**এস, আর, ও নং ৩২১-আইন/২০০৪।**—যেহেতু রাষ্ট্রের নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগ পৃথকীকরণ প্রক্রিয়ায় সংবিধান ও সুপ্রীম কোর্টের নির্দেশনা অনুযায়ী অধঃস্তন আদালতের বিচারিক পদসমূহে নিয়োগ এবং আনুষঙ্গিক উদ্দেশ্যে একটি স্বতন্ত্র সার্ভিস হিসাবে বিচারকর্ম বিভাগের নামকরণ সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদ এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি এতদ্বারা ঘোষণা করিলেন যে,

(ক) বিচারকর্ম বিভাগ 'বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস' নামে অভিহিত হইবে ; এবং

(খ) পরবর্তীতে উক্ত সার্ভিসের গঠনসহ অন্যান্য বিষয়ে বিধান প্রণয়ন করা হইবে।

সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে অত্র প্রজ্ঞাপন জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সফর রাজ হোসেন**

ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ১.০০